

কী অপরাধ সেই শিশুটির

পাশা মোস্তফা কামাল

কী অপরাধ সেই শিশুটির কী অপরাধ ছিল!

ঘাতকরা যে সেই শিশুটির জীবন কেড়ে নিলো?

জন্মের পর বাবাকে যে পায়নি কাছে ছেলে

বাবার জীবন কাটতো শুধু পাকিস্তানের জেলে।

জেলটাকে যে বাবার বাড়ি ভাবতো রাসেল সোনা

বাবার বুকে সেই শিশুটির হয়নি স্বপ্ন বোনা।

মায়ের ছোট রাসেল সোনা হাসু আপার জান

কী অপরাধ কেড়ে নিলো অবুঝ শিশুর প্রাণ?

মৃত্যুভয়ে ছোট্ট বুকে আতঙ্ক ভর করে

মায়ের কাছে যাবে বলে খুব অনুনয় করে।

"মায়ের কাছে পাঠিয়ে দেবো আমার সাথে আয়"

এই বলে সেই হিংস্র ঘাতক বুলেট মারে গায়।

লুটিয়ে পড়ে রাসেল সোনার ছোট্ট নিখর দেহ

সেই থেকে আর রাসেল সোনার পায় না দেখা কেহ।

তবুও রাসেল থাকবে বেঁচে স্বাধীন বাংলাদেশে

হাজার শিশুর চেতনাতে বীরের বেশে এসে।